

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর  
fisheries.natore.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩১৯

তারিখ: ১১ জুলাই ২০২৩খ্রি.

প্রাপক

- (১) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর এবং
- (২) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার নাটোর।

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা প্রসঙ্গে।**


সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মগরিবকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর ১.১ ও ১.২ অনুচ্ছেদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকে সকল দপ্তরের অফিস প্রধানগণকে স্ব স্ব ওয়েবপোর্টালের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।

১. হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবার আবেদন অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা মূল্য, সেবার জন্য প্রয়োজনীয় আবেদন ফরমেট/প্রস্তাবের ফরমেট লিংকসহ সংযুক্তকরণ, সেবা প্রদানের সময় সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগের নম্বরসহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েব পূর্বে কি ছিল এবং বর্তমানে কি পরিবর্তন হয়েছে তার স্ক্রিনশটসহ পোর্টালে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, প্রথম ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) স্ব স্ব ওয়েব পোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১১.০৭.২০২৩  
(ড. মোঃ আবুল কালাম আজাদ)  
জেলা মৎস্য কর্মকর্তা  
নাটোর

টেলিফোনঃ ০২৫৮৮৮৭২৫৯০


ই-মেইলঃ dofnaire@fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩১৯/১(১৩)

তারিখ: ১১ জুলাই ২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে / সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এবং
৩. সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।



১১.০৭.২০২৩  
জেলা মৎস্য কর্মকর্তা  
নাটোর